بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

রাষ্ট্রপতি

রাষ্ট্রপতি
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ
ঢাকা।

১৮ চৈত্র ১৪৩১
* ০১ এপ্রিল ২০২৫

# বাণী

ঈদ মোবারক।

পবিত্র ঈদ-উল-ফিতর উপলক্ষ্যে আমি দেশে ও প্রবাসে বসবাসকারী সকল বাংলাদেশিসহ বিশ্ববাসীকে জানাই আন্তরিক শুভেচ্ছা ও মোবারকবাদ।

মুসলমানদের অন্যতম প্রধান ধর্মীয় উৎসব পবিত্র ঈদ-উল-ফিতর। মাসব্যাপী সিয়াম সাধনা ও সংযম পালনের পর অপার খুশি আর আনন্দের বারতা নিয়ে আমাদের মাঝে সমাগত হয় পবিত্র ঈদ-উল-ফিতর। দিনটি অত্যন্ত আনন্দের ও খুশির। ঈদের এই আনন্দ ছড়িয়ে পড়ে সবার মাঝে, গ্রামগঞ্জে, সারা বাংলায়, সারা বিশ্বে। ঈদের আনন্দকে ভাগাভাগি করার জন্য সকল শ্রেণি-পেশার মানুষ এক কাতারে শামিল হন এবং মিলিত হন আত্মীয়-স্বজনের সাথে। ঈদ সবার মধ্যে গড়ে তোলে সৌহার্দ্য, ভ্রাতৃত্ববোধ, সম্প্রীতি আর ঐক্যের বন্ধন। ঈদ-উল-ফিতরের শিক্ষা সকলের মাঝে ছড়িয়ে পড়ুক; গড়ে উঠুক সমৃদ্ধ বাংলাদেশ- এ প্রত্যাশা করি।

ইসলাম শান্তি ও কল্যাণের ধর্ম। এখানে হিংসা-বিদ্বেষ, হানাহানি, কূপমণ্ডূকতার কোনো স্থান নেই। মানবিক মূল্যবোধ, সাম্য ও পারস্পরিক সহাবস্থান এবং পরমতসহিষ্ণুতাসহ বিশ্বজনীন কল্যাণকে ইসলাম ধারণ করে। ইসলামের এই সুমহান বার্তা ও আদর্শ সবার মাঝে ছড়িয়ে দিতে হবে। সবাই যাতে ঈদের আনন্দ সমানভাবে উপভোগ করতে পারে, সে বিষয়ে সকলকে সক্রিয় থাকতে আমি আহ্বান জানাচ্ছি।

মানবতার মুক্তির দিশারি হিসেবে ইসলামের মর্মার্থ ও শ্বাশত বাণী ছড়িয়ে পড়ুক সর্বত্র, বিশ্ব ভরে উঠুক শান্তি আর সৌহার্দ্যে পবিত্র ঈদ-উল-ফিতরে- এ আমার প্রত্যাশা।

মোঃ সাহাবুদ্দিন

*চাঁদ দেখা সাপেক্ষে প্রচার/প্রকাশের জন্য।